



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**নৌপরিবহন মন্ত্রণালয়**  
**নৌপরিবহন অধিদপ্তর**  
**সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬**



তারিখ: ২২/০১/২০২৬ খ্রি.

## সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ এর ভর্তি সংক্রান্ত নির্দেশনা

### ক্যাডেটদের জন্যঃ

১। সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তির জন্য নির্বাচিত এবং চক্ষু ও মনোবৈজ্ঞানিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ আগামী ২৩/০১/২০২৬ হতে ০২/০২/২০২৬ তারিখের মধ্যে স্ব স্ব একাডেমির নির্দেশনা মোতাবেক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার (শারীরিক বিকৃতি, Squint, তোতলামি, ডোপ, শ্রবণ শক্তি, CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE For DA Health Screening Profile) জন্য নির্বাচিত স্ব স্ব একাডেমিতে যোগাযোগ পূর্বক গমন করবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে একাডেমিতে ভর্তির জন্য বিবেচিত হবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার ফি প্রার্থীদের বহন করতে হবে।

২। যে সকল প্রার্থী বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম/ বরিশাল/ পাবনা/ সিলেট/ রংপুর এবং মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য মনোনীত হয়েছে তারা স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান যেমন- (কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর এবং প্রিন্সিপাল, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম) এর অনুকূলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিয়ে আগামী ২৩/০১/২০২৬ হতে ০২/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট একাডেমির ভর্তি সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্নের মাধ্যমে ভর্তি হতে হবে।

৩। যে সকল প্রার্থী ০২/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নির্বাচিত সরকারি মেরিন একাডেমিতে ভর্তি হবে না, তাদের আসন শূণ্য ঘোষণা করা হবে। উল্লেখ্য যে, ভর্তির তারিখ বর্ধিত করা হবে না বা নির্ধারিত তারিখের পর ভর্তির অনুরোধ/আবেদন গ্রহণ করা হবে না। উক্ত শূণ্য/খালি আসনের বিপরীতে (যদি থাকে) প্রার্থীদের মেধা ও পছন্দক্রম অনুযায়ী অনলাইনে ([dos.gov.bd](http://dos.gov.bd), [doscadet.solutionart.net](http://doscadet.solutionart.net)) মাইগ্রেশনের আবেদন গ্রহণ করা হবে।

৪। আবেদন ব্যতীত কোন মাইগ্রেশন করা হবে না এবং একবার মাইগ্রেশনের আবেদন করলে পরবর্তীতে বাতিল করা যাবে না। মাইগ্রেশনে প্রাপ্ত নতুন একাডেমিতে অবশ্যই ভর্তি হতে হবে, পূর্বের একাডেমি হতে তার নাম অনলাইন সিস্টেমে নতুন একাডেমির বিপরীতে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হয়ে যাবে। মাইগ্রেশনের ফলাফল ওয়েবসাইটে প্রকাশ ও sms এর মাধ্যমে অবহিত করা হবে। মাইগ্রেশন প্রক্রিয়া প্রার্থীদের মেধা ও একাডেমি পছন্দের উর্দ্ধক্রম অনুযায়ী হবে।

৫। সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তি প্রক্রিয়া সমাপ্তের পর বেসরকারি মেরিন একাডেমিসমূহে “অপেক্ষমান প্রার্থীদের তালিকা” হতে মেধা ও পছন্দক্রম অনুযায়ী ক্যাডেট নির্বাচন এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৬। ভর্তি প্রক্রিয়ায় একাডেমিসমূহের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিগণ প্রার্থীদেরকে সর্বাঙ্গিক সহযোগিতা করবেন।

### একাডেমিসমূহের যোগাযোগের ফোন নম্বর

ক্রমিক নং	একাডেমির নাম	যোগাযোগের নম্বর
১।	বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম	01712525184, 01815078027
২।	বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল	01729569940, 01738986010
৩।	বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট	01711544716, 01741717777
৪।	বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা	01795194789, 01797578387
৫।	বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর	01718689717, 01758518159
৬।	মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম	01557636857, 01617660087



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
নৌপরিবহন অধিদপ্তর  
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬



## একাডেমিসমূহের জন্যঃ

১। সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা, প্যাথলজিক্যাল টেস্ট এর অনুমোদিত ল্যাবরেটরীর তালিকা এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য নির্দেশনা একাডেমিসমূহ তাদের স্ব স্ব ওয়েবসাইটে (macademy.gov.bd, macademypabna.gov.bd, macademybarishal.gov.bd, macademysylhet.gov.bd, macademyrangpur.gov.bd, mfacademy.gov.bd) প্রকাশ করবে।

২। ক্যাডেট ভর্তির পূর্বে সংশ্লিষ্ট একাডেমি International Maritime Organization (IMO) এর protocol অনুযায়ী প্রার্থীর সুস্থতা সম্পর্কে নিশ্চিত হবে এবং ভর্তির সময় প্রার্থীর নিকট থেকে মানসিক, হাঁপানী, মৃগীসহ দীর্ঘস্থায়ী/জটিল রোগে আক্রান্ত নয় মর্মে ঘোষণাপত্র গ্রহণ করবে।

৩। ভর্তি প্রক্রিয়া চূড়ান্ত না হওয়া পর্যন্ত সরকারি মেরিন একাডেমিসমূহে শূণ্য আসন পূরণের সুবিধার্থে একাডেমির প্রধানগণ পে-অর্ডার এনক্যাশ করবেন না।

৪। প্রার্থী মাইগ্রেশন হলে একাডেমিসমূহ নিজেদের মধ্যে যোগাযোগ করে আন্তঃএকাডেমি সমন্বয় করবে।

৫। প্রার্থীদের সাথে যোগাযোগের তথ্য সংরক্ষণ করতে হবে।

ক্যাপ্টেন সাঈদ আহমেদ  
কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন (চলতি দায়িত্ব),  
নৌপরিবহন অধিদপ্তর ও সদস্য সচিব  
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ পরিচালনা কমিটি